**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
আপীল বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

স্মারক নং-১৫৯১/২০২৫ এসসি (এডি) তারিখ: ১৪ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: প্রত্যেক জজশীপ ও ম্যাজিস্ট্রেসিতে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ, প্রাপ্ত অভিযোগ বিষয়ে অনুসন্ধান ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটি গঠন ও বর্তমান কার্যক্রম প্রসঙ্গে।**

বাংলাদেশের প্রধান বিচারপতি মহোদয়ের অনুমোদনক্রমে ইতোপূর্বে সুপ্রীম কোর্ট হতে প্রেরিত স্মারক নং-৭১৯/২০২২ এসসি (এডি) তারিখ: ২০ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ মূলে অধস্তন আদলতসমূহে পত্র প্রেরণ করে হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এ প্রদত্ত ১৪/০৫/২০০৯ খ্রিস্টাব্দ তারিখের রায়ের আলোকে দেশের প্রত্যেক জজশীপ ও ম্যাজিস্ট্রেসিতে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ, প্রাপ্ত অভিযোগ বিষয়ে অনুসন্ধান ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটি গঠনের জন্য নির্দেশ প্রদান করা হয়েছিল।

অদ্যাবধি উক্ত নির্দেশনার বাস্তবায়ন কতদূর সম্পন্ন হয়েছে তা অবহিত হওয়ার লক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ, প্রাপ্ত অভিযোগ বিষয়ে অনুসন্ধান ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটির মাননীয় সভাপতি বিচারপতি ফারাহ মাহবুব মহোদয়ের উপস্থিতিতে ২৬/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত মোতাবেক নির্দেশক্রমে সংশ্লিষ্ট প্রত্যেক জজশীপ ও ম্যাজিস্ট্রেসীতে উক্ত কমিটি গঠনের সর্বশেষ অবস্থা, গঠিত হয়ে থাকলে কমিটির সদস্যদের নাম ও পদবি এবং বর্তমান কার্যক্রম সংক্রান্ত বিবরণ এই পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২৯/১২/২৫

(মুহাঃ হাসানুজ্জামান)
রেজিস্ট্রার
ও
সদস্য
সুপ্রীম কোর্টে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ
ও প্রাপ্ত অভিযোগ বিষয়ে অনুসন্ধান ও প্রয়োজনীয় সুপারিশ কমিটি

প্রাপক:

**বিজ্ঞ জেলা ও দায়রা জজ/বিজ্ঞ মহানগর দায়রা জজ (সকল)।**
**বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)।**

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
০২। সিনিয়র সচিব (ভারপ্রাপ্ত), সুপ্রীম কোর্ট সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের নিমিত্ত)।
০৪। ব্যক্তিগত কর্মকর্তা টু রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
০৫। অফিস কপি।